

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা।

www.brdb.gov.bd

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক (প্রশাসন), অতিরিক্ত সচিব
তারিখ : ০১ অক্টোবর ২০১৯ খ্রি.
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে।


সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS টিমের সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা) কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

তিনি বিআরডিবি'র বিভিন্ন শাখা/জেলাদপ্তর থেকে প্রাপ্ত ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি শাখা/জেলাদপ্তরসমূহের ২০১৯-২০২০ NIS এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন এবং বিগত কোয়ার্টারের সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় জানান। তিনি NIS এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

- ১) ৩.১, ৬.৩, ৮.২ পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রয়োজন;
- ২) প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে অংশীজনদের নিয়ে সভার আয়োজন করতে হবে ;
- ৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং দ্রুততম সময়ের মধ্যে ই-ফাইলিং এর কার্যক্রম ১০০% এ উন্নীত করতে হবে ;
- ৪) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে ;
- ৫) ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল শাখা/জেলা সফল হয়েছে তাদেরকে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত করা যেতে পারে;
- ৬) সকল শাখা প্রধান তাদের স্ব-স্ব শাখার শুদ্ধাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন ;
- ৭) সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে ;
- ৮) সেবা প্রদানের ক্ষেত্রে বিআরডিবি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে ;

- ৯) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরিবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নতুন নতুন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে ;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৮১৮০০০৪
dradmn@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯.৬৪০০

তারিখঃ ০১/১০/২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক (প্রশাসন-২/প্রোগ্রামিং/বাজেট/পরিকল্পনা/প্রশিক্ষণ/স্বাগ/পরিদর্শন), বিআরডিবি, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। সংশ্লিষ্ট নথি।


০১-১০-১৯
আব্বাস আলী
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)
ফোনঃ ৮১৮০০১৮
ddprc@brdb.gov.bd